



শিগগিরই ইরানের সাফল্য বিশ্ব দেখবে: ইরানি জেনারেল



ছবি: সংগৃহীত

ইরানের জ্যেষ্ঠ সামরিক কর্মকর্তা মেজর জেনারেল আলি আবদোল্লাহি বলেছেন, বিশ্ব খুব শিগগিরই ইরানের সাফল্য এবং প্রতিরোধ শক্তির অর্জন প্রত্যক্ষ করবে। একই সঙ্গে তিনি ইসরাইলকে ‘আগ্রাসী শত্রু’ হিসেবে উল্লেখ করেন।

ইরানের রাষ্ট্রীয় গণমাধ্যম প্রেস টিভির খবরে বলা হয়েছে, মেজর জেনারেল গোলামআলি রশিদ ও তার ছেলে আমিন আকাস রশিদের মৃত্যুবার্ষিকী উপলক্ষে পাঠানো এক বার্তায় এসব মন্তব্য করেন আবদোল্লাহি।

তিনি বলেন, রশিদ ও তার ছেলের মৃত্যু দেশের জন্য বড় ক্ষতি হলেও এটি ইরানের দৃঢ়তা ও প্রতিরোধক্ষমতারও প্রতিফলন। শত্রুরা ভেবেছিল সামরিক নেতাদের হত্যা করে ইরানের প্রতিরক্ষা সক্ষমতা দুর্বল করা যাবে, কিন্তু সেই ধারণা ভুল প্রমাণিত হয়েছে।

আবদোল্লাহি বলেন, গোলামআলি রশিদ এমন এক কৌশলগত ও বুদ্ধিবৃত্তিক উত্তরাধিকার রেখে গেছেন, যা ভবিষ্যৎ প্রজন্মের জন্য পথনির্দেশক হিসেবে কাজ করবে।

তিনি আরও দাবি করেন, রশিদের দেখানো কৌশল অনুসরণ করেই ইরানের সশস্ত্র বাহিনী বিভিন্ন ধরনের সামরিক ও মনস্তাত্ত্বিক চ্যালেঞ্জ মোকাবিলা করে যাচ্ছে।